ফাইন্যান্সিয়াল স্ট্যাবিলিটি ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
পোস্ট বক্স নং-৩২৫
ঢাকা।

**website: www.bb.org.bd**

এফএসডি সার্কুলার নং-০১

তারিখ: ১৯ ফাল্গুন ১৪২০ / ০৩ মার্চ ২০১৪

প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

**'Financial Projection Model' এর Input Template সংক্রান্ত ব্যবহার বিধি প্রসঙ্গে।**

বাংলাদেশের আর্থিক ব্যবস্থায় ক্রমবর্ধমান জটিলতার কারণে একক ব্যাংকের পাশাপাশি পুরো ব্যাংকিং ব্যবস্থার দুর্বলতার প্রতি নজর প্রদান এবং আর্থিক সুস্থতা নিশ্চিত করার জন্য যথাযথ সুপারভাইজরি টুল ব্যবহারের প্রয়োজনীয়তা দেখা দিয়েছে। এতদ্‌প্রেক্ষিতে, সম্ভাব্য অভিঘাত দৃশ্যকল্পের ভিত্তিতে পৃথকভাবে সকল ব্যাংকের সবলতা ও দুর্বলতা নিরূপন, ঝুঁকি চিহ্নিতকরণের জন্য বিশদ দৃশ্যকল্প পর্যালোচনা এবং ঝুঁকি ব্যবস্থাপনায় ব্যাংকের সামর্থ্যের উন্নতিসাধনের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক **"Financial Projection Model (FPM)"** নামক একটি টুল প্রস্তুত করেছে। সকল তফসিলি ব্যাংককে আগামী মার্চ ২০১৪ হতে মডেলটি বাস্তবায়নে অংশগ্রহণ করতে হবে।

মডেলটির বাস্তবায়ন সহজসাধ্য করার জন্য একটি Input Template এবং একটি ব্যবহার বিধি প্রস্তুত করা হয়েছে। সকল তফসিলি ব্যাংককে সেগুলোর সফ্‌ট কপি বাংলাদেশ ব্যাংকের ফাইন্যান্সিয়াল স্ট্যাবিলিটি ডিপার্টমেন্ট (এফএসডি) হতে আগামী ৩১শে মার্চ ২০১৪ তারিখের মধ্যে সংগ্রহ করতে হবে।

সকল তফসিলি ব্যাংক এখন থেকে Input Template এবং ব্যবহার বিধি অনুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে এফএসডি-তে রিপোর্টিং করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। রিপোর্টিং এর সময়সূচী নিম্নরূপঃ

| ত্রৈমাসিক | সময়কাল | রিপোর্টিং এর সময়সীমা |
|---|---|---|
| মার্চ ত্রৈমাসিক | ০১লা জানুয়ারী-৩১শে মার্চ | ১৫ই মে |
| জুন ত্রৈমাসিক | ০১লা এপ্রিল-৩০শে জুন | ১৫ই আগস্ট |
| সেপ্টেম্বর ত্রৈমাসিক | ০১লা জুলাই-৩০শে সেপ্টেম্বর | ১৫ই নভেম্বর |
| ডিসেম্বর ত্রৈমাসিক | ০১লা অক্টোবর-৩১শে ডিসেম্বর | পরবর্তী বছরের ১৫ই ফেব্রুয়ারী |

প্রাথমিকভাবে তফসিলি ব্যাংকসমূহকে ডিসেম্বর ২০১১ হতে মার্চ ২০১৪ পর্যন্ত ত্রৈমাসিকগুলোর (১০টি ত্রৈমাসিক) জন্য একটি Input Template যথাযথভাবে পূরণকরতঃ আগামী ১৫ই জুন ২০১৪ তারিখের মধ্যে দাখিল করতে হবে।

আগামী জুন ২০১৪ ত্রৈমাসিক হতে ব্যাংকসমূহকে পূরণকৃত Template উল্লিখিত সময়সীমার মধ্যে দাখিল করতে হবে।

ব্যাংকসমূহকে Template টির শুধুমাত্র সফ্‌ট কপি ফাইন্যান্সিয়াল স্ট্যাবিলিটি ডিপার্টমেন্টের মহাব্যবস্থাপক বরাবরে (ই-মেইলঃ gm.fsd@bb.org.bd) দাখিল করতে হবে। Template এর মুদ্রিত সংস্করণ দাখিলের কোন প্রয়োজন নেই। পূরণকৃত Template টি সংশ্লিষ্ট ব্যাংকের অফিসিয়াল ই-মেইল হতে, বিশেষ করে, Head of Finance/Accounts/Compliance Division এর ই-মেইল হতে প্রেরণ করতে হবে।

**FPM** এর তথ্য পাঠানোর জন্য সময়সীমা বৃদ্ধির অনুরোধ এবং ব্যক্তিগত ই-মেইল এর ব্যবহার নিরূৎসাহিত করা হচ্ছে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,
স্বা/-
(দেবাশিস্ চক্রবর্ত্তী)
মহাব্যবস্থাপক
ফোন : ০২-৯৫৩০২৭৯